**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**HAR GHAR TRIRANGA:**

সারা দেশের সঙ্গে রাজ্যেও গতকাল হর ঘর তিরঙ্গা কর্মসূচি শুরু হয়েছে। এই কর্মসূচিতে রয়েছে জাতীয় পতাকা নিয়ে পদযাত্রা, সাইকেল র‍্যালি, মোটর বাইক র‍্যালি ও তিরঙ্গা রান। তাছাড়া রয়েছে সঙ্গীতানুষ্ঠান তিরঙ্গা কনসার্ট, তিরঙ্গা চিত্রাঙ্কন। তিরঙ্গা ক্যানভাসে জনসাধারণের সাক্ষর সম্বলিত হর ঘর তিরঙ্গা অথবা জয় হিন্দ লেখা পোষ্টার বিভিন্ন জায়গায় লাগানো হবে। তা হরঘর তিরঙ্গা ডট কম ওয়েব সাইটে পোস্ট করা হবে। যেসব স্থানে স্বাধীনতা সংগ্রামীদের স্মরনে, শিলা ফলক লাগানো হয়েছিল, সেখানে এবছর দেশের জন্য শপথ নেওয়া হবে। প্রশাসনের উদ্যোগে সব জেলায় তিরঙ্গা মেলার আয়োজন করা হবে। ১৩ থেকে ১৫ই আগস্ট বিভিন্ন সেলফি পয়েন্টে ছবি তুলে তা, হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে আপলোড করা যাবে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা গতকাল এক বৈঠকে প্রতিটি জেলা, ব্লক ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে "হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালনের বিষয়ে নির্দেশ প্রদান করেন।

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল পশ্চিম জেলা শাসকের অফিস থেকে এক তিরঙ্গা রেলি বের করা হয়। জেলা শাসক ডঃ বিশাল কুমার ও প্রশাসনের পদস্থ আধিকারিক এবং কর্মচারীরাও এই রেলিতে অংশ গ্রহণ করেন।

হর ঘর তিরঙ্গা কর্মসূচি নিয়ে আকাশবাণীর সংবাদ বিভাগের একটি আলোচনা শোনা যাবে আজ বিকেল ৩টা ১৫ মিনিটে। মূল অনুষ্ঠানের পরেই এ আই আর নিউজ আগরতলা এই সামাজিক মাধ্যমে আলোচনাটি শোনা যাবে।

*******************

**Panchayat, UNAKOTI:**

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের অন্তর্গত মশাউলী পঞ্চায়েতের অধীন লক্ষীপুর S B স্কুল ভোট কেন্দ্রে আজ পুনঃ ভোট অনুষ্ঠিত হচ্ছে। গত বৃহস্পতিবার পঞ্চায়েতের সাধারণ নির্বাচনে সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে ব্যালট-পেপার বিভ্রাটের কারণে পুনঃ ভোটের ঘোষনা দেয় রাজ্য নির্বাচন কমিশন। সংশ্লিষ্ট বুথে আজ মশাউলী পঞ্চায়েতের চার নম্বর ওয়ার্ডের সাত ও আট নম্বর আসনে পুনঃ ভোট অনুষ্ঠিত হচ্ছে। পুনঃভোটে ভোটার রয়েছেন ৪২০ জন। ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা  জানান, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে পুনঃভোট সম্পন্ন করতে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

*******************

**Jishnu Debbarma:**

তেলেঙ্গানার রাজ্যপাল তথা রাজ্যের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মাকে আজ মান্দাই এর খরাঙ কমিউনিটি হলে রাজ্য সরকারের পক্ষ থেকে নাগরিক সংবর্ধনা দেওয়া হবে। রাজ্যপাল শ্রী দেববর্মা গতকাল বিকেলে আগরতলায় রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাতকারে মিলিত হন।

*******************

**BSF petrolling:**

বাংলাদেশের অভ্যন্তরীন পরিস্থিতি ও আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যেও ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে। বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের এক মুখপাত্র জানান, সীমান্ত পাহারার কাজে অতিরিক্ত বিএসএফ মোতায়েন  করা হয়েছে । রাতেও নিরাপত্তা ব্যবস্থা কঠোর ভাবে  নিয়ন্ত্রণ করা হচ্ছে বলে তিনি জানান।  মুখপাত্রটি জানান, ত্রিপুরায় বাংলাদেশ সীমান্তে এখনও কোথাও

বাংলাদেশীদের জমায়েত  লক্ষ্য করা যায়নি। সীমান্তের কোথাও যেন কোনও অনুপ্রবেশ না ঘটে সেদিকে নজরদারী রয়েছে বলে তিনি জানান।

*******************

**I & B DG:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উত্তর পূর্বাঞ্চলের মহানির্দেশক কে সতীশ নাম্বুদ্রিপাদ গতকাল আগরতলা প্রেসক্লাবের পরিচালন কমিটির সদস্য সহ রাজ্যের সাংবাদিকদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।  সংবাদ মাধ্যম এবং সাংবাদিকদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সাংবাদিকদের ধারাবাহিক প্রশিক্ষণ সহ বেশ কিছু  গুরুত্বপূর্ণ বিষয়ে কথাবার্তা হয়।

*******************

**PMAY-U 2.0:**

কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শহুরে আবাস যোজনা PMAY-U, 2.0 প্রকল্প অনুমোদন করেছে। মন্ত্রিসভা ২০২৪-২৫ অর্থ বছর থেকে ২০২৮-২৯পর্যন্ত প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ (PMAY-G) বাস্তবায়নেরও অনুমোদন দিয়েছে। গতকাল রাতে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সাংবাদিকদের বলেছেন যে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে তিন কোটি নতুন বাড়ি তৈরি করা হবে। শ্রী বৈষ্ণব বলেন, এর মধ্যে দুই কোটি বাড়ি তৈরি করা হবে গ্রামীণ এলাকায় আর এক কোটি বাড়ি তৈরি করা হবে শহরাঞ্চলে। তিনি বলেন, এই প্রকল্পে বাজেটের সংস্থান থাকবে ৩ লাখ ৬০ হাজার কোটি টাকা।

মন্ত্রী বলেন, এই প্রকল্পের অধীনে শহরাঞ্চলে কর্মজীবী মহিলা হোস্টেলের ব্যবস্থা রয়েছে এবং অর্থনৈতিকভাবে দুর্বল বিভাগ,  নিম্ন আয়ের গোষ্ঠীর গৃহঋণের জন্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত চার শতাংশ সুদ ভর্তুকি দেওয়া হবে।

*******************

**NEET-PG 2024:**

সুপ্রিম কোর্ট আগামীকাল অনুষ্ঠেয় ২০২৪সালের NEET-PG পরীক্ষা পিছিয়ে দেবার আবেদন প্রত্যাখ্যান করেছে। আদালত বলেছে যে দু'লক্ষ শিক্ষার্থীর ভবিষ্যত ঝুঁকিপূর্ণ করা অন্যায় হবে। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড় ও বিচারপতি জেবি পারদিওয়ালা এবং মনোজ মিশ্রের বেঞ্চ  বলেছে যে, এই বছর, 2024 সালের জন্য NEET-PG পরীক্ষা সারা দেশে 500টি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

********************

**PM, Wayanad:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভূমিধ্বসে ত্রাণ ও পুনর্বাসন প্রক্রিয়া পর্যালোচনা করতে আজ কেরালার ওয়ানাড যাবেন। তিনি প্রথমে কান্নুরে পৌঁছাবেন এবং সেখান থেকে আকাশপথে ওয়েনাডের ভূমিধস-আক্রান্ত এলাকা পরিদর্শন করবেন।  চলমান পুনর্বাসনের কাজও তদারকি করবেন প্রধানমন্ত্রী। তিনি ত্রাণ শিবির এবং হাসপাতাল গিয়ে ভূমিধসে আহতদের সঙ্গে দেখা করবেন। পরে এক সভায় এই দুর্যোগ এবং ত্রাণ সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত অবহিত করা হবে।

********************

**Olympic:**

ভারতের আমান শেরাওয়াত পুরুষদের ফ্রিস্টাইল কুস্তিতে ৫৭ কেজি বিভাগে ব্রোঞ্জ পদক লাভ করেছেন। তিনি পুয়ের্তো রিকোর ডারিয়ান ক্রুজের বিরুদ্ধে লড়াই করে জয়লাভ করেন। ৩৩তম প্যারিস অলিম্পিকে এপর্যন্ত ভারত একটি রূপো ও পাঁচটি ব্রোঞ্জ পদক নিয়ে মোট ছ'টি পদক লাভ করেছে।

********************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু’এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************